

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪
৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
www.dmtcl.gov.bd

স্মারক নম্বর: ৩৫.০৫.০০০০.০০১.০৪.০০১.২২-২২৯

তারিখ: ২৮ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ
১১ মে ২০২৩ খ্রিষ্টাব্দ

প্যানেল আইনজীবী তালিকাভুক্তির বিজ্ঞপ্তি

শতভাগ সরকারি মালিকানাধীন ঢাকা মেট্রোরেলের স্বত্বাধিকারী প্রতিষ্ঠান ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর পক্ষে ও বিপক্ষে বিভিন্ন আদালতে দায়েরকৃত মামলাসমূহ পরিচালনা, প্রতিদ্বন্দ্বিতা, সুষ্ঠু তদারকি, পরামর্শ প্রদান ইত্যাদির জন্য মহামান্য বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগের জন্য ০১ (এক) জন, হাইকোর্ট বিভাগের জন্য ০২ (দুই) জন [রিট মামলার জন্য ০১ (এক) জন ও কোম্পানি সম্পর্কিত মামলার জন্য ০১ (এক) জন], ডিএমটিসিএল এর অধিক্ষেত্রভুক্ত অধস্তন দেওয়ানী আদালতের জন্য ০১ (এক) জন, অধস্তন ফৌজদারী আদালতের জন্য ০১ (এক) জন, সার্টিফিকেট আদালতের জন্য ০১ (এক) জন মোট ০৬ (ছয়) জন প্যানেল আইনজীবী তালিকাভুক্তির নিমিত্ত আগ্রহী আইনজীবীগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

১. আবেদনকারীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে;
২. আবেদনকারী আইনজীবীকে ঢাকায় বসবাসরত হতে হবে এবং আবেদনকারীর বয়স ৬০ বৎসরের অধিক হবে না;
৩. আবেদনকারীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, মোবাইল নম্বর, বয়স, ই-মেইল উল্লেখসহ পাসপোর্ট সাইজের ০২ কপি রঙিন ছবিযুক্ত পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত দাখিল করতে হবে;
৪. আবেদনের সঙ্গে জাতীয় পরিচয়পত্র, বাংলাদেশ বার কাউন্সিলের সদস্য সনদ, সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, বাংলাদেশ বার কাউন্সিল প্রদত্ত পেশাগত এবং অভিজ্ঞতা সনদপত্রের সত্যায়িত ছায়ািলিপি দাখিল করতে হবে;
৫. আপীল বিভাগের আইনজীবীর আপীল বিভাগে তালিকাভুক্তির পর ন্যূনতম ০৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে;
৬. হাইকোর্ট বিভাগের আইনজীবীর হাইকোর্ট বিভাগে তালিকাভুক্তির পর ন্যূনতম ০৭ (সাত) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে;
৭. অধস্তন দেওয়ানী আদালতের আইনজীবীর ঢাকা বার-এ তালিকাভুক্তির পর দেওয়ানী আদালতে আইনজীবী হিসেবে ন্যূনতম ০৭ (সাত) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে;
৮. অধস্তন ফৌজদারী আদালতের আইনজীবীর ঢাকা বার-এ তালিকাভুক্তির পর ফৌজদারী আদালতে আইনজীবী হিসেবে ন্যূনতম ০৭ (সাত) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে;
৯. সার্টিফিকেট আদালতের আইনজীবীর ঢাকা বার-এ তালিকাভুক্তির পর সার্টিফিকেট আদালতে আইনজীবী হিসেবে ন্যূনতম ০৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে;
১০. মামলা পরিচালনার জন্য সরকার নির্ধারিত ফি প্রদান করা হবে এবং প্রথমে ০৩ (তিন) বৎসরের জন্য প্যানেল আইনজীবী হিসেবে তালিকাভুক্ত করা হবে। মামলা পরিচালনা দক্ষতা বিবেচনা করে উভয় পক্ষের সম্মতিতে চুক্তি নবায়নযোগ্য হবে;
১১. অন্য কোনো প্রতিষ্ঠানে প্যানেল আইনজীবী হিসেবে নিয়োজিত থাকলে তা আবেদনে উল্লেখ করতে হবে;
১২. কোনো কারণ দর্শানো ব্যতিরেকে ডিএমটিসিএল কর্তৃপক্ষ যে কোনো আবেদন গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে। প্যানেল আইনজীবী তালিকাভুক্তিতে ডিএমটিসিএল কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;

অপর পৃষ্ঠায় দৃষ্টব্য

১৩. কোন আদালতের জন্য তালিকাভুক্ত হতে আগ্রহী তা খামের উপরে ও আবেদনে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে;
১৪. তালিকাভুক্তির পর সংশ্লিষ্ট প্যানেল আইনজীবীকে ডিএমটিসিএল কর্তৃক অনুমোদিত কার্যাবলী (Terms of Reference) অনুসরণ করতে হবে। অনুমোদিত কার্যাবলী (Terms of Reference) ডিএমটিসিএল এর ওয়েবসাইট www.dmtcl.gov.bd থেকে সংগ্রহ করা যাবে;
১৫. প্যানেল আইনজীবী তালিকাভুক্তির **বিজ্ঞপ্তি** এবং **কার্যাবলী** Dhaka Mass Transit Company Limited (DMTCL)-এর website: www.dmtcl.gov.bd; সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের website: www.rthd.gov.bd এবং বাংলাদেশ জাতীয় তথ্য বাতায়নের website: www.bangladesh.gov.bd এ পাওয়া যাবে; এবং
১৬. **আগামী ১১ জুন ২০২৩ তারিখ** অফিস সময়ের মধ্যে ডাক যোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল), প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪, ৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০ বরাবরে আবেদনপত্র পৌঁছাতে হবে। সরাসরি বা হাতে হাতে কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না এবং নির্ধারিত তারিখ ও সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্র গৃহীত হবে না।



(মোহাম্মদ আবদুর রউফ)

(যুগ্মসচিব)

কোম্পানি সচিব (অতিরিক্ত দায়িত্ব)

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড

ফোন নম্বর: ০২-৫৫১৩৮৪৮৯